

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
www.macademy.gov.bd

নং ০২ /২০১৯


তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০১৯

নোটিশ

অত্র একাডেমির সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ অনুযায়ী ই-ফাইলিং সিস্টেম এর মাধ্যমে মেরিন একাডেমির ৫০% নথি নিষ্পত্তি ও ৪০% পত্রজারি করার শর্ত রয়েছে। সে অনুযায়ী একাডেমির নথি নিষ্পত্তি ও পত্রজারির মাসিক সংখ্যা খুবই কম এবং অন্যান্য সংস্থার তুলনায় নিম্ন সারিতে অবস্থিত যা, কাম্য নয়।

এ বিষয়ে বিগত ২৯/০১/২০১৯ তারিখে মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত আইসিটি/ইনোভেশন সংক্রান্ত সভায় উক্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ মোতাবেক বাংলাদেশ মেরিন একাডেমির নথি নিষ্পত্তি ও পত্রজারির সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করার তাগিদ দেয়া হয়। উল্লেখ্য ই-ফাইলিং কার্যক্রমে ভাল ফলাফলের মাধ্যমে বাংলাদেশ মেরিন একাডেমির পুরস্কার প্রাপ্তির ও কর্মদক্ষতার সূচক উন্নয়নের যথেষ্ট সুযোগ রয়েছে।

এমতাবস্থায়, একাডেমির কমান্ড্যান্ট, ডেপুটি কমান্ড্যান্ট ও বিভাগীয় প্রধানদের দপ্তর সহ অন্যান্য সকল দপ্তর/শাখা সমূহে ই-ফাইলিং সিস্টেম এর মাধ্যমে যাবতীয় নথি নিষ্পত্তি ও পত্রজারি নিশ্চিত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা গেলো।


ক্যাপ্টেন কাজী এবিএম শামীম
ডেপুটি কমান্ড্যান্ট
ও
ইনোভেশন অফিসার
মেরিন একাডেমি, চট্টগ্রাম